

“মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা”

“হজ সর্বোচ্চ অগ্রাধিকার”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৪০.০১০.২২-৩৭৭

তারিখ: ০৪ চৈত্র ১৪২৯
১৮ মার্চ ২০২৩

বিষয়: বেসরকারি ব্যবস্থাপনায় এজেন্সির মোনাঞ্জেম নিয়োগ ও কর্মপরিধি সংক্রান্ত নির্দেশিকা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ এর তফসিল-২ এ উল্লিখিত বেসরকারি ব্যবস্থাপনায় এজেন্সির মোনাঞ্জেম নিয়োগ ও কর্মপরিধি সংক্রান্ত নির্দেশিকা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ওয়েব পোর্টালে প্রকাশ করা হলো।

বিশেষ দৃষ্টব্য:

(ক) হজ ২০২২ এ এজেন্সিসমূহকে সৌদি ই-হজ সিস্টেমে এ মন্ত্রণালয় হতে মোনাঞ্জেম সংক্রান্ত প্রদত্ত তথ্যের ভিত্তিতে একটিভ করা হয়। পরবর্তীতে অনেক এজেন্সির মোনাঞ্জেমগণ জানান যে, এজেন্সির মোনাঞ্জেম পরিবর্তন হয়েছে কিন্তু পুরাতন মোনাঞ্জেম এর নাম দিয়ে একটিভ করা হয়েছে। মোনাঞ্জেম এর নাম সংশোধন করা একটি জটিল বিষয়। ফলশ্রুতিতে, কয়েকটি এজেন্সি ভীষণ কামেলায় পড়ে।

(খ) এ বছর যে সকল এজেন্সি তাদের মোনাঞ্জেম পরিবর্তন করেছে বা নতুন নিয়োগ দিয়েছে বা পাসপোর্ট পরিবর্তন করেছে তাদেরকে এ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে বর্তমান বা হালনাগাদ মোনাঞ্জেম এর নামসহ এজেন্সির তথ্য আপডেট রাখতে হবে; যাতে মন্ত্রণালয় থেকে এজেন্সিসমূহকে একটিভ করার জন্য বাংলাদেশ হজ অফিস, জেদ্দায় সঠিক তথ্য প্রেরণ করা যায়।

সংযুক্তি: হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ এর তফসিল-২।


১৮.০৩.২০২৩

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: +৮৮০২-৫৫১০১১১৮
e-mail: morahajsection@gmail.com

বিতরণ:

১. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার,(সকল হজ এজেন্সি)।
২. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, ৩০/এ, নয়াপল্টন, ডিআইপি রোড, ঢাকা।

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৪০.০১০.২২-৩৭৭

তারিখ: ০৪ চৈত্র ১৪২৯
১৮ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ১২, কাওরান বাজার, ঢাকা (হজ পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি।


১৮.০৩.২০২৩

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

তফসিল-২

[বিধি ১৯ এর দফা (য) দৃষ্টব্য]

বেসরকারি ব্যবস্থাপনায় এজেন্সির মোনাঞ্জেম নিয়োগ ও কর্মপরিধি সংক্রান্ত নির্দেশিকা

১। উদ্দেশ্য:

বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের উন্নত সেবা প্রদান ও সুষ্ঠুভাবে হজপালন নিশ্চিতকরণে মোনাঞ্জেম নির্বাচন ও কর্মপরিধি নির্ধারণ।

২। যোগ্যতা:

- (১) রাজকীয় সৌদি সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য হজ এজেন্সির স্বাধিকারী/অংশীদার/ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মোনাঞ্জেম হইতে পারিবেন। এই ক্ষেত্রে আবেদনের সহিত প্রমাণক সংযুক্ত করিতে হইবে।
- (২) কোনো হজ এজেন্সির মোনাঞ্জেম নিয়োগের ক্ষেত্রে ব্যবস্থাপক/তদূর্ধ্ব কর্মকর্তাকে মনোনয়নের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক সিদ্ধান্ত ও ব্যাংকের মাধ্যমে বেতন পরিশোধের প্রমাণক বা (TIN) সহ আবেদন করিতে হইবে।
- (৩) মোনাঞ্জেমকে অবশ্যই বাংলাদেশ ও রাজকীয় সৌদি সরকারের যাবতীয় আইন-কানুন ও নির্দেশনা বিষয়ে সম্যক ধারণা থাকিতে হইবে।
- (৪) সমন্বিত হজ পালনে মোনাঞ্জেম অবশ্যই লিড এজেন্সি হইতে নিয়োগ প্রাপ্ত হইবেন। মোনাঞ্জেমকে অন্যান্য যোগ্যতার সাথে আইটি বিষয়েও ধারণা থাকিতে হইবে।
- (৫) সৌদি আরবে যাবতীয় কার্যক্রম প্রতিপালনে প্রশাসনিক ও কারিগরিভাবে দক্ষ হইতে হইবে।

৩। মোনাঞ্জেমের দায়িত্ব ও কর্তব্য:

- (১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রাজকীয় সৌদি সরকারের যাবতীয় আইন-কানুন ও নির্দেশনা বিষয়ে সম্যক ধারণা থাকিতে হইবে।
- (২) সৌদি আরবের ই-হজ সিস্টেমে তাসরিয়াহ/তাসনিফ সংক্রান্ত তথ্যাদি প্রদানপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে চুক্তি সম্পাদন করিয়া বাংলাদেশ হজ অফিসের অনুমোদন গ্রহণ করিতে হইবে।
- (৩) বাংলাদেশ ও সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবে বিভিন্ন দপ্তরের সহিত যথাসময়ে চুক্তি সম্পাদন করিতে হইবে।

৪। মোনাঞ্জেম নিয়োগ পদ্ধতি:

- (১) মোনাঞ্জেম হওয়ার জন্য হজ এজেন্সির স্বাধিকারী/অংশীদার/ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি প্রমাণকসহ আবেদন পরিচালক, হজ অফিস, ঢাকায় জমা প্রদান করিবে;
- (২) হজ এজেন্সি তাহার কোনো কর্মকর্তা/কর্মচারীকে মোনাঞ্জেম হিসাবে মনোনয়ন প্রদান করিতে চাহিলে উপযুক্ত প্রমাণসহ আবেদন করিতে হইবে। এইক্ষেত্রে নিয়োজিত মোনাঞ্জেমের মাধ্যমে সম্পাদিত সকল কার্যক্রম উক্ত হজ এজেন্সির দ্বারা সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে (ফর্ম-১৪);
- (৩) হজ এজেন্সি ই-হজ ব্যবস্থাপনায় মোনাঞ্জেম নিয়োগ সংক্রান্ত তথ্য পূরণ করিয়া পরিচালক, হজ অফিস, ঢাকা বরাবর আবেদন করিবে।
- (৪) মোনাঞ্জেম পরিবর্তনের জন্য একইভাবে আবেদন করিতে হইবে।

৫। অনিয়ম, অসদাচরণ ও প্রশাসনিক ব্যবস্থা:

- (১) কোনো মোনাঞ্জেম হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২, হজ প্যাকেজ ও এই নির্দেশিকাসহ সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত প্রজ্ঞাপন/আদেশ/নির্দেশনার প্রতি অবজ্ঞা/শৈথিল্য প্রদর্শন কিংবা অমান্য/অনিয়ম করিলে মোনাঞ্জেম ও সংশ্লিষ্ট এজেন্সির বিরুদ্ধে সরকার কর্তৃক আইনের অধীন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যাইবে;
- (২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিরুদ্ধে উক্ত মোনাঞ্জেম/এজেন্সি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ ও এই বিধিমালা অনুযায়ী আপিল করিতে পারিবে।